

### A.P.A. টিমের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ মাহবুব হোসেন সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ	: ২৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
সময়	: বেলা ১১.৩০ মিনিট।
সভার স্থান	: শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

২.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি A.P.A. টিম প্রধান-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। A.P.A. টিম প্রধান বলেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি পর্যালোচনার জন্য আজকের সভা আয়োজন করা হয়েছে। এটি মূলত: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের A.P.A. টিমের ৩য় সভা। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য A.P.A. টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রথমেই সভার সভাপতি সিনিয়র সচিব পদে পদোন্নতির পাওয়ায় A.P.A. টিমের পক্ষ থেকে তাঁকে অভিনন্দন জানান। তিনি বলেন যে, ২০১৯-২০২০ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ৫১ টি মন্ত্রণালয়ের মধ্যে ২৪তম স্থান অধিকার করে। পরবর্তীতে মাননীয় মন্ত্রী, মাননীয় উপমন্ত্রীর দিকনির্দেশনায় এবং সভাপতির চৌকস নেতৃত্বে ২০২০-২০২১ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ৫১ টি মন্ত্রণালয়ের মধ্যে ২য় স্থান অধিকার করে। বিষয়টি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার জন্য অত্যন্ত আনন্দের এবং গর্বের। পরবর্তীতে তিনি ২০২১-২০২২ অর্থবছরের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি ২০২০-২০২১ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ৫১ টি মন্ত্রণালয়ের মধ্যে ২য় স্থান অধিকার করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ এবং অভিনন্দন জ্ঞাপন করেন। তিনি বলেন যে, সকলের অক্লান্ত পরিশ্রম ও সার্বিক সহযোগিতায় এ ফলাফল সম্ভব হয়েছে। ভবিষ্যতেও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে এ সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

#### ৩.০ সিদ্ধান্তসমূহ:

- ৩.১ ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে;
- ৩.২ কার্যক্রম সম্পাদনের পর উপযুক্ত প্রমাণক অবশ্যই সংরক্ষণ করতে হবে এবং বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে;
- ৩.৩ ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের জন্য সকলকে সচেষ্ট হতে হবে।


৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-  
মোঃ মাহবুব হোসেন  
সচিব

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০-৩১৩

তারিখ: ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
৩০ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

১. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
৩. যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৭. উপসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
১০. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

  
(মোঃ ফারুকুল হােক)   
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৬১৫৮  
[apa.sec@shed.gov.bd](mailto:apa.sec@shed.gov.bd)